

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 29-01-2026

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিশ্বজুড়ে অস্থিরতা স্বত্ত্বেও ভারতের আর্থিক অগ্রগতি দৃঢ় ও গতিশীল রয়েছে বলে ২০২৫-২৬ অর্থবর্ষের অর্থনৈতিক সমীক্ষায় সরকার জানিয়েছে।

২০২৬-এ প্রকৃত জিডিপি-র হার বৃদ্ধি ৭ দশমিক চার শতাংশ হারে হওয়ার আশা। ২০২৫ অর্থবর্ষে পণ্য ও পরিষেবার ক্ষেত্রে রফতানিতে ভারতের রেকর্ড।

২) চলতি অর্থ বছরে কৃষকদের উন্নয়নে কেন্দ্রের কৃষোন্নতি যোজনায় রাজ্য বেশ খানিকটা পিছিয়ে থাকায় কেন্দ্র অসন্তোষ প্রকাশ করেছে।

৩) পাঁচ রাজ্যে আসন্ন বিধানসভা ভোটে রাজ্যের স্বরাষ্ট্র সচিব সহ ১৫ জন আই এ এস আধিকারিককে পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করার সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন জানিয়ে রাজ্য সরকার নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে।

৪) দক্ষিণ ২৪ পরগনার নাজিরাবাদে অন্ধিকান্ডের ঘটনায় এপর্যন্ত উদ্ধার ২৫ জনের দেহাংশ। ২৭ জনের নামে নিখোঁজ ডায়রি।

মুখ্যমন্ত্রী ঘটনাস্থলে না যাওয়া নিয়ে বিরোধী দল নেতার তীব্র অসন্তোষ।

৫) পরিচালক শৌকর্য ঘোষালের পক্ষীরাজের ডিম- সিনেমাটি প্রদর্শনের মধ্য দিয়ে শেষ হল দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব।

০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বজুড়ে অস্থিরতা স্বত্ত্বেও ভারতের অর্থনৈতিক অগ্রগতি দৃঢ় ও গতিশীল রয়েছে এবং দেশের অভ্যন্তরীণ চাহিদাই অর্থনৈতিক মূল চালিকা শক্তি হিসাবে কাজ করছে বলে সরকার জানিয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ সংসদে ২০২৫-২৬ অর্থবর্ষের অর্থনৈতিক সমীক্ষা পেশ করেন।

ইতিবাচক অগ্রগতির কথা উল্লেখ করে তাতে জানানো হয়েছে ২০২৬-এ প্রকৃত জিডিপি-র হার বৃদ্ধি হতে পারে ৭ দশমিক চার শতাংশ হারে। ২০২৭ অর্থবর্ষে এই হার ৬ দশমিক ৮ থেকে ৭ দশমিক ২ শতাংশ পর্যন্ত বাড়ার পূর্বাভাষ দেওয়া হয়েছে।

সমীক্ষায় অভ্যন্তরীণ চাহিদার পাশাপাশি শহরাঞ্চলে ভোগ ব্যয় বৃদ্ধি অর্থনৈতিক কর্মকাণ্ডকে আরও বাড়িয়ে তুলেছে এবং কর কাঠামো সংস্কার - এই ভোগ ব্যয় বৃদ্ধিতে সহায়ক হয়েছে বলে এই সমীক্ষায় জানানো হয়েছে। দেশে অনুৎপাদক সম্পত্তির মোট অনুপাত বহু দশকের মধ্যে সর্বনিম্ন ২ দশমিক ২ শতাংশে দাঁড়িয়েছে।

২০২৫ অর্থবর্ষে পণ্য ও পরিষেবার ক্ষেত্রে ভারতের মোট রফতানি, রেকর্ড ৮ লক্ষ ২৫ হাজার ৩-শো কোটি মার্কিন ডলারে পৌঁছেছে।

তিনি বছর ধরে আলোচনার পর ভারত - ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তির ঘোষণা হয়েছে বলেও সমীক্ষায় উল্লেখ করা হয়েছে।

এই অর্থনৈতিক সমীক্ষা পেশ করার পরে আজ লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যায়। আগামী পয়লা ফেব্রুয়ারী রবিবার ২০২৬-২৭ অর্থবর্ষে সাধারণ বাজেট পেশ হবে। বাজেট অধিবেশনের প্রথম পর্ব চলবে ১৩-ই ফেব্রুয়ারী পর্যন্ত, দ্বিতীয় পর্ব ১৯-ই মার্চ থেকে শুরু হয়ে চলবে দোশরা এপ্রিল পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০

তিনি বছর আগে ৬ দশমিক ৫ শতাংশ থেকে ভারতের আর্থিক বৃদ্ধির হার ৭ শতাংশে পৌঁছেছে বলে কেন্দ্রীয় সরকারের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ডঃ ভি অনন্ত নাগেশ্বরণ জানিয়েছেন। নতুন দিল্লিতে আজ অর্থনৈতিক সমীক্ষা নিয়ে কথা বলার সময় সাংবাদিকদের তিনি বলেন, কোভিডের আগে (GDP) বৃদ্ধির হার ছিল ৬ দশমিক ৪ শতাংশ, ২০২৫-এ ৬ দশমিক ৫ এবং এবছর ৭ দশমিক ৪-এ পৌঁছনোর সম্ভাবনা রয়েছে।

(বাইট - নাগেশ্বরণ)

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার চলতি অর্থ বছরে কৃষকদের উন্নয়নে কেন্দ্রের রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা প্রকল্পে ভালো কাজ করলেও, কৃষোন্তি যোজনায় বেশ খানিকটা পিছিয়ে থাকায় বলে কেন্দ্র অসন্তোষ প্রকাশ করেছে। আজ দিন্নি থেকে ভার্চুয়ালী কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান, পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের কৃষি মন্ত্রীদের সঙ্গে দুইটি প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করেন। রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় রাজ্য এপর্যন্ত ৮৬ শতাংশ কাজ সম্পূর্ণ করলেও কৃষোন্তি যোজনায় মাত্র ৩৭ শতাংশ কাজ হওয়ায় তিনি অসন্তোষ প্রকাশ করেন বলে নবান্ন সূত্রের খবর।

এইদিকে রাষ্ট্রীয় কৃষিবিকাশ যোজনায় কেন্দ্রীয় সরকার চলতি অর্থ বছরে প্রথম কিস্তির ২২০ কোটি ৩৫ লক্ষ এবং কৃষোন্তি যোজনার ১২৬ কোটি ২৫ লক্ষ টাকা ইতমধ্যেই বাংলাকে দিয়েছে বলে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন।

দ্বিতীয় কিস্তির জন্যে রাজ্যের তরফে প্রথম প্রকল্পে ২২০ কোটি ৩৪ লক্ষ এবং দ্বিতীয় প্রকল্পের জন্য ৮৮ কোটি ৭৫ লক্ষ টাকার প্রস্তাব কৃষি মন্ত্রকে পাঠানো হয়েছে বলে কৃষি দফতর সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে জাতপাত নিয়ন্ত্রণে বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশনের সমতা বিধান সংক্রান্ত নতুন নিয়ম-২০২৬ আপাতত কার্যকর করা যাবেনা (kept in abeyance) বলে নির্দেশ দিয়েছে সুপ্রিমকোর্ট। এই সংক্রান্ত তিনটি মামলার শুনানি করতে গিয়ে প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ জানিয়েছে, বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন, জাতপাত দূর করতে যে নতুন নিয়ম করেছে তা খতিয়ে দেখতে প্রাক্তন বিচারপতিদের নিয়ে একটি কমিটি গঠনের প্রয়োজনীয়তা রয়েছে। প্রাথমিক ভাবে নতুন নিয়মের কিছু সংস্থান অস্পষ্ট এবং সাধারণ শ্রেণী বাজেনারেল ক্যাটাগরিদের পরিপন্থী বলে জানানো হয়েছে। বেঞ্চ জানিয়েছে। এই নিয়মের অপব্যবহার হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে আদালত কেন্দ্র সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশনকে নোটিশ দেওয়ার নির্দেশ দিয়েছে। ১৯ মার্চ ফের শুনানি। ততদিন ২০২৬ সালের যে নতুন নিয়ম তৈরি করা হয়েছে তা চালু করা যাবেন। ২০১২ সালের এই সংক্রান্ত নিয়মই কার্যকর থাকবে।

০০০০০০০০০০০০০০০০

পাঁচ রাজ্যে আসন্ন বিধানসভা ভোটে রাজ্যের স্বরাষ্ট্র সচিব সহ ১৫ জন আই এ এস আধিকারিককে পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করার সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন জানিয়ে রাজ্য সরকার নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে। ওই ১৫ জনের মধ্যে ৯ জন আধিকারিককের বিকল্প নাম রাজ্যের তরফে কমিশনের কাছে প্রস্তাব করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য নির্বাচন কমিশন এরাজ্য ১৫ জন আই এ এস ও ১০ জন আই পি এস আধিকারিককে কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে। এই তালিকায় রাজ্যের স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা ছাড়াও দু-জন পুলিশ কমিশনার রয়েছেন। নিয়োগের জন্য রাজ্য সরকারের কাছে পাঁচবার আধিকারিকদের নামের তালিকা চেয়ে না পাওয়ার কারণেই কমিশন স্বতঃপ্রগোদ্ধিতভাবে ওই আধিকারিকদের বেছে নেয় বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর-এর কাজে নিযুক্ত তিন আধিকারিককে বদলির নির্দেশ প্রসঙ্গে রাজ্য সরকার নিজের অবস্থান স্পষ্ট করেছে। কাজের চাপ কমাতেই, তাদের অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ জায়গায় বদলি করা হয়েছে বলে নবান্নের তরফে নির্বাচন কমিশনকে চিঠি দিয়ে জানানো হয়েছে।

উল্লেখ্য, সম্প্রতি এস আই আর-এর প্রক্রিয়ায় রোল অবজার্ভার হিসেবে নিযুক্ত তিন আই এ এস আধিকারিক, অশ্বিনী কুমার যাদব, রঞ্জীর কুমার ও স্মিতা পাণ্ডেকে রাজ্য সরকার বদলির নির্দেশ দেওয়ায় বিতর্ক সৃষ্টি হয়। কেন তাদের সঙ্গে আলোচনা না করে এস আই আর প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ওই আধিকারিকদের বদলি করা হলো, সেব্যাপারে কমিশনের তরফে রাজ্য সরকারের ব্যাখ্যা তলব করা হয়। তার পরিপ্রেক্ষিতেই এই চিঠি বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর দিনাজপুরে ইসলামপুর ব্লকের ধনতলা হাইস্কুলে এস আই আর-এর শুনানি চলাকালীন তৃণমূল কংগ্রেস নেতাদের বিরুদ্ধে ভুক্তির অভিযোগ উঠেছে। গতকাল শুনানি চলাকালীন ওই কেন্দ্রে উত্তর দিনাজপুর জেলা তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলের সভাপতি জাতেদ আখতার কেন্দ্রের মাইক্রো অবজার্ভারের সঙ্গে দুর্ব্যবহার করেন। ক্যামেরাবন্ডি সেই ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়ার পরই শুরু হয় রাজনৈতিক চাপান উত্তোর। বিজেপি-র দাবি প্রশাসনের কাজে সরাসরি হস্তক্ষেপ করে শাসক দলের নেতারা আইনশৃঙ্খলার অবনতি ঘটাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার নাজিরাবাদে এপর্যন্ত উদ্বার ২৫ জনের দেহাংশ। এই ঘটনায় নিখোঁজ ডায়ারি হয়েছিল ২৭ জনের নামে। মর্মান্তিক এই অগ্নিকাণ্ডের চারদিন পরেও আজ দু-জনের মাথার খুলি উদ্বার হয়েছে। আজ সকাল থেকেই মেশিনের সাহায্যে গুদামের টিনের দেওয়াল ও ছাদ ভাঙার কাজ শুরু হয়। সকালের দিকে ধ্বংসস্তুপ সরানোর কাজ এগোতে থাকলে পরপর উদ্বার হতে থাকে দেহাংশ। এই অগ্নিকাণ্ডের ঘটনায় দমকল এবং ফরেনসিক বিভাগ যৌথ তদন্তের প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে। মোট ৩৫ হাজার বর্গফুট আয়তনের মধ্যে মোমো কারখানাটি ৮ হাজার বর্গফুট জুড়ে ছিল বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

এদিকে, আনন্দপুরের অগ্নিকাণ্ডের ঘটনায় শাসক দল এবং প্রশাসনকেই দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বিজেপি বিধায়কদের নিয়ে মিছিল করে পুলিশী অনুমতি ছাড়া ও ১৬৩ ধারার বিধিনিষেধের মধ্যেই ঘটনাস্থল পরিদর্শন করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, স্থানীয় তৃণমূল কংগ্রেস এবং থানাগুলির জন্য কলকাতা সহ শহরতলির এক বৃহত্তর অংশ জতুগৃহে পরিণত হয়েছে। এই মৃত্যু মিছিলের পরেও মুখ্যমন্ত্রীর ঘটনাস্থলে না যাওয়া নিয়ে প্রশ্ন তোলেন তিনি।

(বাইট - শুভেন্দু)

অন্যদিকে, নাজিরাবাদে কারখানায় অগ্নিকাণ্ডের ফলে শ্রমিক মৃত্যুর প্রতিবাদে বিজেপির মিছিলে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। সকাল ১১ টা থেকে বিকাল ৩.৩০ মিনিটের মধ্যে মিছিল শেষ করতে হবে এবং ২ হাজারের বেশি কর্মী সমর্থক এতে থাকতে পারবেন না বলে হাইকোর্টের নির্দেশে জানানো হয়েছে।

এর আগে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, আজ গড়িয়া শীতলামন্দির থেকে ঘটনাস্থল পর্যন্ত মিছিল করতে চাইলেও পুলিশ ১৬৩ ধারা জারি করায় অনুমতি পাওয়া যায়নি।

০০০০০০০০০০০০০০০০

প্রদেশ কংগ্রেসের মুখ্যপাত্র সৌম্য আইচ রায়, এ আই সি সি র সদস্য জয়ন্ত দাস সহ প্রদেশ কংগ্রেসের নেতৃত্বে আজ এক প্রতিনিধি দল নাজিরাবাদে ঘটনাস্থল পরিদর্শন করেন।

ঘটনাস্থলে যেতে পুলিশ ওই প্রতিনিধি দলকে বাধা দেয় বলে কংগ্রেসের তরফ থেকে অভিযোগ করা হয়েছে। এনিয়ে পুলিশের তীব্র বাদানুবাদ শুরু হয়। পরে ওই প্রতিনিধি দলের সদস্যদের প্রবেশের অনুমতি দেওয়া হলে গোটা ঘটনাস্থল ঘুরে দেখেন তারা।

দীর্ঘদিন ধরেই পূর্ব কলকাতার জলাভূমি বেআইনিভাবে দখলদারি চলছে বলে অভিযোগ কংগ্রেসের। প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়ের নেতৃত্বে আজ এক প্রতিনিধি দল এব্যাপারে ইস্ট কলকাতা ওয়েট ল্যান্ড ম্যানেজমেন্ট অথরিটির কাছে স্মারকলিপি জমা দেয়।

ooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর থানার কালিকাপুর গ্রামে খালের ধার থেকে মানুষের মাথার খুলি ও হাড় উদ্ধারকে ঘিরে চাপ্টল্য ছড়িয়েছে। স্থানীয় বাসিন্দারা আজ খালের ধারে কঙ্কালটি দেখতে পেয়ে পুলিশে খবর দেয়। কঙ্কালটি ফরেঙ্গিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে মথুরাপুর থানার পুলিশ।

ooooooooooooooooooo

বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, আগামীকাল রাতে তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছাবেন। এরপর নিউটাউনে একটি বেসরকারি হোটেলে তিনি রাতে থাকবেন। উল্লেখ্য, শনিবার ব্যারাকপুরে দলীয় কর্মসূচিতে অংশ নেবেন শ্রী শাহ।

ooooooooooooooooooo

পরিচালক শৌকর্য ঘোষালের পক্ষীরাজের ডিম- সিনেমাটি প্রদর্শনের মধ্য দিয়ে শেষ হল দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচিত্র উৎসব। সিনেমা শুরু হওয়ার আগে সমাপ্তি অনুষ্ঠানে এই ছবির দুই শিশু শিল্পী, মহাব্রত বসু ও অনুমেঘা বন্দ্যোপাধ্যায় এবং পরিচালককে সম্মাননা জানানো হয়। টানা ৭ দিন ধরে রাজ্যের শিশু-কিশোর অ্যাকাডেমী এবং তথ্য সংস্কৃতি দফতরের যৌথ উদ্যোগে কলকাতার ৮-টি প্রেক্ষাগৃহে ৩২-টি দেশের প্রায় ২-শোটি ছবি দেখানো হলো। দুপুরে নন্দন তিন-এ ১৯৬৩ সালের সাদা-কালো চলচিত্র বাদশা দেখতে বাবা-মার হাত ধরে হাজির হয়েছিল বহু শিশু।

ooooooooooooooooooo

রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ পর্বের শেষ ম্যাচে বাংলা আজ হরিয়ানার বিরুদ্ধে প্রথম ইনিংসে ৫ উইকেটে ১৬৮ রান করেছে। সুদীপ চ্যাটার্জী ৭৮ ও শাকিল হাবিব গান্ধী ১ রানে অপরাজিত আছেন। হরিয়ানায় তন্ময় বালোদা ৩ টি এবং অংশুল কঙ্ঘোজ ও A R রানা ১ টি করে উইকেট নেন।

খারাপ আবহাওয়ার কারণে ম্যাচ শুরু হতে আজ বেশ খানিকটা দেরি হয়।

৬ ম্যাচে ৪ টি জিতে ও ২ টি ড্র করে ৩০ পয়েন্ট নিয়ে গ্রুপ সি-র শীর্ষে আছে বাংলা। অন্যদিকে, ৪ টি জিতে ও ২ টি ম্যাচ হেরে ২৪ পয়েন্ট নিয়ে হরিয়ানা গ্রুপের দ্বিতীয় স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০